

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
২৩-২৪ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dife.gov.bd

নং-৪০.০১.০০০০.১০১.১১.০০২.১৬ (অংশ-২) ৭০৬ (৪৩)
প্রজ্ঞাপন

২৫/৪/১৯২৪ বঙ্গাব্দ
তারিখ: ০৪/৪/২০১৭ খ্রিস্টাব্দ

বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের ০৩-১০-২০১৬ তারিখের ৮০.১০৫.০১১.৪০.০০৪.০৬৬.২০১৬-১৮৭ নং স্মারকে সুপারিশকৃত এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ১৯-০৭-২০১৭ তারিখের ৪০.০০.০০০০.০২০.০১০.১১.১৬-৪২৬ নং স্মারকের নিয়োগ সংক্রান্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত ০১ (এক) জন প্রার্থীকে ২ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত শর্তাধীনে জাতীয় বেতন স্কেল-২০১৫ এর দশম গ্রেডভুক্ত ১৬,০০০-৩৮,৬৪০/- টাকার বেতন স্কেলে বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ অস্থায়ী ভিত্তিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণির 'শ্রম পরিদর্শক (স্বাস্থ্য)' পদে নিয়োগ প্রদান করা হলো:

ক্রঃ নং	প্রার্থীর নাম	নিয়োগকৃত পদ	জন্ম তারিখ	নিজজেলা	কোটা
০১	আল-মামুন	শ্রম পরিদর্শক (স্বাস্থ্য)	২৩-০২-১৯৮৫	বরিশাল	মুক্তিযোদ্ধা পোষ্য কোটায়

২। চাকরির শর্তসমূহ:

- এ পদে যোগদানের তারিখ থেকে পরবর্তী ০২ (দুই) বছর তাঁর চাকুরি শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে এবং সরকার প্রয়োজন মনে করলে এ শিক্ষানবিশকাল সর্বোচ্চ আরও ০২ (দুই) বছর বৃদ্ধি করতে পারবে।
- শিক্ষানবিশকালে আচরণ ও কার্যাবলী সন্তোষজনক বলে বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ছাড়াই চাকুরি হতে অপসারণ করা যাবে।
- এ পদের জন্য সরকার কর্তৃক বিভিন্ন সময়ে আয়োজিত যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদিতে উত্তীর্ণ হওয়ার পর শিক্ষানবিশকাল সন্তোষজনক বলে প্রতীয়মান হলে চাকুরি স্থায়ী করা হবে।
- এ পদে নির্দিষ্টভাবে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে চাকুরি সংক্রান্ত সরকারের অন্যান্য বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান ও আদেশ দ্বারা চাকুরি নিয়ন্ত্রিত হবে মর্মে গণ্য হবে।
- প্রযোজ্য ক্ষেত্রে প্রার্থী পিতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রকাশিত গেজেটে নাম সংশোধন না হলে পরবর্তীতে চাকুরি স্থায়ীকরণ করা হবেনা।
- বর্ণিত প্রার্থীর পিতা গেজেটভুক্ত/সনদপ্রাপ্ত মুক্তিযোদ্ধা হলেও এ জাতীয় গেজেট ও সনদ মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক যাচাই-বাছাই অন্তে সঠিক প্রমাণিত না হলে তিনি তাৎক্ষণিকভাবে চাকুরীচ্যুত হবেন এবং গৃহীত সমুদয় আর্থিক সুবিধাদি প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
- এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ০১ (এক) মাসের মধ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়, ২৩-২৪ কাওরান বাজার, ঢাকা-তে যোগদান করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।
- যোগদানকালে প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র এবং সনদপত্রের এক সেট সত্যায়িত অনুলিপি সংগে আনতে হবে।



মোঃ সামছুজ্জামান ভূঁইয়া

(অতিরিক্ত সচিব)

মহাপরিদর্শক

ফোন: ৫৫০১৩৬২৬

E-mail: chiefdife@gmail.com

বিশ্লষণ :সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
০২. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা (সদয় অবগতির জন্য)।
০৩. অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্ম-সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
০৪. পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা, (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৫. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬-০৮. যুগ্ম-মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন/স্বাস্থ্য/সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়।
০৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সিজিএ অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০-১২. উপমহাপরিদর্শক, সেইফটি শাখা/প্রশাসন ও উন্নয়ন/সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়।
১৩. হিসাব উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪. সূচ্য ও গণসংযোগ কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয় (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হলো)।
১৫. আল-মামুন, পিতা: মৃত. ইউসুফ আলী খলিফা, বাড়ী: খলিফা বাড়ী, গ্রাম: খেজুর ভরপাশা, ডাকঘর: কালিগঞ্জ, থানা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।